# সরকার ভুল পথে গেলে পথ দেখাবে এনসিপি: নাহিদ ইসলাম




নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

সরকারি দল ভুল সিদ্ধান্তের পথে এগোলে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সঠিক দিকনির্দেশনা দেবে বলে জানিয়েছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম।

সোমবার (১৫ মার্চ) মহানগর উত্তর এনসিপি আয়োজিত ইফতার অনুষ্ঠানে তিনি এ বক্তব্য দেন।

নাহিদ ইসলাম বলেন, প্রয়োজনীয় সংস্কার কার্যক্রমের পক্ষে এনসিপির অবস্থান স্পষ্ট এবং এ লড়াই চলবে। তরুণ প্রজন্মকে ঘিরে মানুষের যে প্রত্যাশা তৈরি হয়েছে, তা বাস্তবায়নে দলকে দায়িত্বশীল ও সক্রিয় থাকতে হবে বলেও তিনি উল্লেখ করেন।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ঐকমত্য কমিশনের কার্যক্রম থেকেই বিএনপির অবস্থান পরিষ্কার হয়েছে। তার মতে, দলটি গণভোটের পক্ষে কথা বললেও গুরুত্বপূর্ণ সংস্কার ইস্যুতে সমর্থন দিচ্ছে না; বরং নিজেদের পরিকল্পনা অনুযায়ী এগোতে চায়।

তিনি আরও অভিযোগ করেন, সরকারের নানা পদক্ষেপই এনসিপিকে কঠোর বিরোধিতার অবস্থানে যেতে বাধ্য করছে।

LENS ASIA